



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং- মাউশিবোর্ডি/কলেজ/নিবন্ধন/২০২৩/৫১৬(২)

তারিখ : ১৯/০১/২০২৩ খ্রি.

বিষয় : ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত নির্দেশনা।

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কলেজভিত্তিক তালিকা আগামী ২১/০১/২০২৩ তারিখ একাদশ শ্রেণিতে ভর্তি ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd এর (College Login) প্যানেলে (কলেজের ইআইআইএন ও পাসওয়ার্ড দিয়ে) লগইন করে ডাউনলোড করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বোর্ড কর্তৃক অনলাইনে প্রদানকৃত শিক্ষার্থীদের তালিকা অনুযায়ী ভর্তি করতে হবে। উক্ত তালিকা বহির্ভূত কোন শিক্ষার্থীকে ভর্তি করা যাবে না।

কলেজ কর্তৃক শিক্ষার্থীর ভর্তি নিশ্চায়নের (APPROVAL) জন্য PIN বা সিকিউরিটি কোড প্রয়োজন হবে না, তাই শিক্ষার্থীর কাছ থেকে PIN বা সিকিউরিটি কোড নেয়ার কোন দরকার নেই।

কলেজ কর্তৃক শিক্ষার্থীর ভর্তি নিশ্চায়ন (APPROVAL) না করা হলে তার ভর্তি বাতিল হয়ে যাবে। তাই ভর্তিকৃত সকল শিক্ষার্থীর ভর্তি নিশ্চায়ন করার সময় খুব সতর্ক থাকতে হবে। ভর্তি নিশ্চায়ন সম্পন্ন করার পর নিশ্চায়নের প্রিন্ট কপি চূড়ান্ত তালিকার সাথে মিলিয়ে যাচাই করে অবশ্যই সংরক্ষণ করতে হবে। নামের মিল থাকার কারণে এক শিক্ষার্থীর স্থলে অন্য শিক্ষার্থীর নিশ্চায়ন না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।

কলেজে ভর্তির সময় শিক্ষার্থীর এসএসসি পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা না নিয়ে একাডেমিক ট্রান্সক্রিপ্টের অনলাইন কপি জমা নিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনে শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার মূল এডমিট কার্ড ও রেজিস্ট্রেশন কার্ড জমা নেওয়া যাবে। তবে শিক্ষার্থী পরবর্তীতে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা প্রদান করলে মূল এডমিট কার্ড ও রেজিস্ট্রেশন কার্ড ফেরত প্রদান করতে হবে।

অন্যথায় রেজিস্ট্রেশন অথবা অন্যকোন উদ্ভূত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

চেয়ারম্যানের আদেশক্রমে

(প্রফেসর মো: ফারাজ উদ্দিন তালুকদার)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।
১৯/০১/২০২৩

অধ্যক্ষ/প্রধান শিক্ষক,
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের
সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।